ঝিনাইদহে নারী উদ্দ্যোক্তা মেলা অনুষ্ঠিত

ঝিনাইদহে নারী উদ্দ্যোক্তা মেলা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার দিনব্যাপি ঝিনাইদহ ওয়াজির আলী স্কুল এ্যান্ড কলেজ মাঠে এ মেলা অনুষ্ঠিত হয়।

হোম বেইজড গার্মেন্টস নারী শ্রমিকদের অংশ গ্রহনে অক্সফ্যাম ইন বাংলাদেশ এর সহায়তায় ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর আয়োজনে এ মেলা অনুষ্ঠিত হয়।

মেলায় ঝিনাইদহ পৌরসভা, কালিচরণপুর ও পাগলাকানাই ইউনিয়নের ১৬টি দল অংশ গ্রহন করেন। সকালে মেলার উদ্বোধন করেন ঝিনাইদহ সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চেীধুরী। পরে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসময় বক্তব্য রাখেন ঝিনাইদহ বিসিক এর উপ-ব্যবস্থাপক সেলিনা রহমান, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নিলুফার রহামন, নুরুন নাহার মহিলা কলেজের সাবেক অধ্যক্ষ ও জেলা জোটের আহ্বায়ক এনএম শাহাজালাল, ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর পরিচালক শরিফা খাতুন, ওয়াজির আলী স্কুলের প্রধান শিক্ষক নাহিদ আক্তার, মহিলা কাউন্সিউলার বুলবুলি খাতুন, ফারহানা রেজা আনজু, আস্থার সম্পাদক জান্নাতুল ফেরদৌস, জেলা জোটের সদস্য ও ডেইলি অবজারভারের ডিস্ট্রিক করোসপোনডেন্ট জাফর উদ্দীন রাজু, সাংবাদিক কামরুজ্জামান ও ইসি কমিটির সভাপতি সালেহা বেগমসহ অন্যান্যরা।

আলোচনা শেষে নারীদের বালিশ বদল, টেনিস বল নিক্ষেপ ও দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সমৃদ্ধি প্রকল্পের সমন্বকারী মো: ছাব্দার হোসেনের উপস্থাপনায় সভাপতিত্ব করেন আমেনা খাতুন কলেজের সাবেক অধ্যক্ষ আমিনুর রহমান টুকু। বিকালে অনুষ্ঠানে পুরুস্কার বিতরণের মাধ্যমে মেলার সমাপনী ঘোষণা করা হয়।

সমাপনী অনষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্ত, উপজেলা সমাজ সেবা অফিসার আব্দুল হাই সিদ্দিক, উত্তরা ব্যাংকের ব্যবস্থাপক প্রশান্ত কুমার বর্মনসহ জেলা জোটের অন্যান্য নেতৃবৃন্দ।